



ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

আদাবর, মোহাম্মদপুর, ঢাকা।

টেন্ডার সিডিউল

দরপত্র নং: ইএসডিও/প্রকিউরমেন্ট/১২৬/৬৮৪/২০২৫-২০২৬

তারিখঃ ০৭/০৫/২০২৬ইং

কাজের নামঃ সিলিং ফ্যান ও বাল্ব ক্রয়ের দরপত্র।



চলমান পাতা নং: ০১

## কাজের বর্ণনাঃ

ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) একটি জাতীয় পর্যায়ের বেসরকারী সংস্থা, যা গত ১৯৮৮ সাল হতে সামাজিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করে আসছে। ইএসডিও কর্তৃক বাস্তবায়িত এবং প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর সহায়তায়-Integrated Sponsorship Programme in Rangpur-CNO প্রকল্প নীলফামারী জেলার জলঢাকা উপজেলায় বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের জন্য সিলিং ফ্যান ও বাল্ব ক্রয়ের নিমিত্তে প্রকৃত সিলিং ফ্যান ও বাল্ব ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ইএসডিও কর্তৃক নির্ধারিত সিডিউলে শর্তাবলী সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

পূরণকৃত সিডিউলটি আগামী ২০/০৫/২০২৬ইং তারিখ বিকাল ০৩.০০ টার মধ্যে মুখবন্ধ খামে আত্মীয়ক, বিশেষ ক্রয় কমিটি, ইএসডিও ঢাকা অফিস, আদাবর, রোড নং: ০৮, বাসা নং: ৭৪৮, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে কুরিয়ার/ডাকযোগে অথবা সরাসরি টেন্ডার বক্স এ জমা/প্রেরণ করা যাবে। দাখিলকৃত দরপত্র ২০/০৫/২০২৬ইং তারিখ বিকাল ০৩:৩০ টায় ইএসডিও ঢাকা অফিস কনফারেন্স রুমে এ খোলা হবে (উক্ত সময়ে আগ্রহী দরদাতাগণ উপস্থিত থাকতে পারবেন)।

## দরপত্র দাখিলের শর্তাবলী :

১. দরপত্রে উপরোক্ত বিবরণ মোতাবেক প্রতিটি এককের, একক মূল্য ও মোট মূল্য ভ্যাট ও ট্যাক্স সংযুক্ত করে দর প্রদান করতে হবে। বিল প্রদানের সময় সরকারি বিধি মোতাবেক বিল হতে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
২. দরপত্রের সাথে হালনাগাদ ড্রেড লাইসেন্স (২০২৫-২০২৬), ভ্যাট ও টিন রেজিস্ট্রেশন পত্র (সকল) ফটোকপি সংযুক্ত করতে হবে।
৩. হালনাগাদ আয়কর রিটার্ন জমা প্লিপ অথবা আয়কর রিটার্নের সনদ পত্র না থাকলে বিল প্রদানের সময় ৫০% বেশী ট্যাক্স কর্তন করা হবে।
৪. দরদাতাগণকে টেন্ডার সিডিউলে সংযুক্ত আর্থিক প্রস্তাবনায় ও প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দর প্রদান করতে হবে।
৫. কার্যাদেশ গ্রহণ/চুক্তির পূর্বে টেন্ডার সিডিউলের শর্ত অনুসারে সর্বমোট চুক্তি মূল্যের ২% হারে পারফরমেন্স সিকিউরিটি পে-অর্ডার আকারে “ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)” অনুকূলে জমা প্রদান করতে হবে।
৬. পারফরমেন্স সিকিউরিটি হিসেবে ইএসডিও'র নিকট জমাকৃত পে-অর্ডারটি সফলভাবে মালামাল সরবরাহের ১৫ দিন পর ফেরৎ দেওয়া হবে।
৭. দরপত্রের সহিত দরদাতা কর্তৃক কোন অতিরিক্ত শর্তারোপ করা যাবে না।
৮. দরদাতা কর্তৃক দরপত্রে প্রদানকৃত দর কমপক্ষে ২১ দিন পর্যন্ত কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।
৯. দরপত্রের কোন স্থানে লেখার উপর কোন ঘষামাজা, অস্পষ্টতা বা কাটাকাটি গ্রহণযোগ্য হবে না। যদি কোন স্থানে কাটাকাটি হয় তাহলে উহা স্পষ্ট অক্ষরে লিখে সংশ্লিষ্ট দরদাতার অনুস্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্রটি বাতিল বলে গন্য হবে।
১০. যথাসময়ে মালামাল সরবরাহ করতে না পারলে প্রতি সপ্তাহে মোট বিলের ১% হারে টাকা কর্তন করা হবে।
১১. মালামালের পরিমাণ/নির্দিষ্ট সংখ্যা কার্যাদেশের মাধ্যমে জানানো হবে।
১২. পণ্যের বিক্রয়োত্তর সেবা, গ্যারান্টি, ওয়ারেন্টির বিষয় থাকলে তা কিভাবে নিশ্চিত করা হবে তা সুস্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।
১৩. মালামালের গুণগত মানের সাথে কোন প্রকার সমঝোতা/আপস গ্রহণযোগ্য হবে না।
১৪. মালামাল সরবরাহকারী নিজ খরচে ইএসডিও কমিউনিটি লার্নিং সেন্টার (প্ল্যান অফিস), জলঢাকা, নীলফামারী এই ঠিকানায় পৌঁছে দিতে হবে। পরিবহন জনিত ক্ষয়ক্ষতি সরবরাহকারীকে বহন করতে হবে।



চালমান পাতা নং ০২

১৫. মালমাল প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মী দ্বারা গুণগত মান যাচাই বাছাই করার পর বিল প্রাপ্তি সাপেক্ষে যাচাই করে সরবরাহকারী প্রতিষ্ঠানের নামে একাউন্ট-পে চেক/ডিডি'র মাধ্যমে পরিশোধ করা হবে। ডিডি'র ক্ষেত্রে নির্বাচিত সরবরাহকারীকে খরচ বহন করতে হবে।
১৬. ইএসডিও কখনই শিশু শ্রমকে প্রশ্রয় দেয় না। যে সব প্রতিষ্ঠানে শিশু শ্রমিক নিয়োজিত রয়েছে সেই সব প্রতিষ্ঠানকে দরপত্র প্রদান না করার অনুরোধ করা হচ্ছে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী/শিশু নির্যাতনের অভিযোগ থাকলে এবং তা প্রমাণিত হলে উক্ত প্রতিষ্ঠানের দরপত্র/কার্যাদেশ বাতিল করার ক্ষমতা ইএসডিও কতৃপক্ষ সংরক্ষণ করে।
১৭. ইএসডিও কতৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদানে বাধ্য নয়। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কতৃপক্ষ দাখিলকৃত সকল দরপত্র অথবা তার অংশ বিশেষ গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।

সরবরাহকারী প্রতিষ্ঠানের

নামঃ

স্বাক্ষরঃ

(তারিখ ও সীলসহ)

আস্থায়ক

বিশেষ ক্রয় কমিটি

ইএসডিও, আদাবর, ঢাকা।

মালামালের বিবরণঃ

ক্রমিক নং	মালামালের নাম	পরিমাণ
০১	সিলিং ফ্যান: সাইজ: ৫৬ ইঞ্চি, রং: সাদা বা অফ হোয়াইট, এলুমিনিয়াম ও ব্লেডের কোম্পানী: ক্লিক/ সুপার স্টার /প্রদীপ/সমমানের,	১৮০ টি
০২	ফ্যান রেগুলেটর: সুইচ ফ্যান সহ স্পিড কন্ট্রোলার, ভোলটেজ ২২০-২৬৫ ভি. এ সি., ওয়েটেজ: ২০০ w 50 HZ, রং: সাদা	১৮০ টি
০৩	এলইডি বাল্ব: ওয়াট: ৩০ ওয়াট, লুমেন: ১০০ ১এমX১ডব্লিউ শেপ: রাউন্ড, ওয়ারেন্টি: ২ বছর, ব্রান্ড: সুপার স্টার এলইডি/ট্রাস্টেক এলইডি/ওয়ালটন এলইডি/সমমানের	১৪০ টি



মালামালের আর্থিক প্রস্তাবনাঃ

ক্রমিক নং	মালামালের নাম	পরিমান	একক মূল্য	মোট মূল্য	মন্তব্য
০১	সিলিং ফ্যান: সাইজ: ৫৬ ইঞ্চি, রং: সাদা বা অফ হোয়াইট, এলুমিনিয়াম ও ব্লেডের কোম্পানী: ক্লিক/ সুপার স্টার /প্রদীপ/সমমানের,	১৮০ টি			
০২	ফ্যান রেগুলেটর: সুইচ ফ্যান সহ স্পিড কন্ট্রোলার, ভোলটেজ ২২০-২৬৫ ভি. এ সি., ওয়েটেজ: ২০০ W 50 HZ, রং: সাদা	১৮০ টি			
০৩	এলইডি বাল্ব: ওয়াট: ৩০ ওয়াট, লুমেন: ১০০ ১এমX১ডব্লিউ শেপ: রাউন্ড, ওয়ারেন্টি: ২ বছর, ব্রাড: সুপার স্টার এলইডি/ট্রান্সটেক এলইডি/ওয়ালটন এলইডি/সমমানের	১৪০ টি			
মোট					

কথায়ঃ .....



চলমান পাতা নং: ০৪